

বসিরহাট কলেজের বাংলা বিভাগ ও পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত 'বঙ্গ- রঙ্গমঞ্চের সার্থ-শতবর্ষ' শীর্ষক একদিনের আন্তর্জাতিক আলোচনাচক্রে সূচক বক্তা হিসেবে উপস্থিত থাকতে পেরে খুব ভাল লাগল। সভামুখ্য ছিলেন ড. অদীপ ঘোষ, বক্তা বাংলাদেশের কবি ও নাট্যকার বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারপ্রাপ্ত ফরিদ আহমদ দুলাল। উদ্বোধনী বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ড. অশোক কুমার মন্ডল। নান্দীমুখ করেন বিভাগীয় প্রধান ড. রাজকুমার দাস। সঞ্চালক ছিলেন ড. সোমা পাল চাকী। ধন্যবাদ জ্ঞাপন করেন ড. সুজয় কৃষ্ণ চক্রবর্তী। উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মৌমিতা বিশ্বাস। কলেজের সকলের আন্তরিক ব্যবহার আমাদের মুগ্ধ করেছে। সবাইকে জানাই অশেষ ধন্যবাদ।



